# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# উপজেলা ভূমি অফিস
## রাজবাড়ী সদর,রাজবাড়ী
www.aclandrajbarisadar.gov.bd

## উপজেলা ভূমি অফিস/এ.সি ল্যান্ড অফিস এ প্রদত্ত সেবা সমূহঃ

১. ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা) এর দাবী ও আদায় নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিতকরনের জন্য সার্বক্ষনিক তদারকি করা এবং জোরালো পদক্ষেপ গ্রহণ।

২. নামজারির আবেদন গ্রহন ও নিষ্পত্তি।

৩. নিষ্পত্তিকৃত নামজারি কেসের আদেশের আলোকে সংশ্লিষ্ট রেজিস্টারপত্র সহ স্বত্বলিপি/রেকর্ডবহি হালনাগাদ করণ ও সংরক্ষণ।

৪. বিবিধ মোকদ্দমার আবেদন গ্রহন ও নিষ্পত্তি।

৫. লীজকৃত অর্পিত সম্পত্তি/ভি.পি সম্পত্তির বাৎসরিক লীজ নবায়ন।

৬. অর্পিত সম্পত্তি/ভি.পি সম্পত্তি ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ

৭. লীজকৃত পরিত্যক্ত সম্পত্তি/এ.পি সম্পত্তির বাৎসরিক লীজ নবায়ন।

৮. পরিত্যক্ত সম্পত্তি/এ.পি সম্পত্তি ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ।

৯. ওয়াকফ, দেবোত্তর, বিনিময় সম্পত্তি ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ।

১০. সরকারি আবাসন, আশ্রয়ণ ও গুচ্ছগ্রাম প্রকল্পের জন্য স্থান নির্বাচন,প্রস্তাব প্রেরণ ও ব্যবস্থাপনা ও তদারকি।

১১. জাতীয় সংসদের ভূমি বিষয়ক প্রশ্নোত্তর পর্বের জন্য চাহিত তথ্যাদি তাৎক্ষনিকভাবে প্রেরণ।

১২. প্রকৃত ভূমিহীনদের মাঝে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান।

১৩. হাট-বাজার ব্যবস্থাপনা এবং পেরীফেরীভূক্ত হাট-বাজারের অকৃষি খাসজমি (চান্দিনা ভিটি) বিধি মোতাবেক প্রকৃত ব্যবসায়ীদের মাঝে একসনা বন্দোবস্ত প্রদান।

১৪. সায়রাত মহাল (বালুমহাল, জলমহাল, বুটিমহাল) ব্যবস্থাপনা।

১৫. নামজারির কেসের আদেশের নকল/ সার্টিফাইড কপি প্রদান।

১৬. সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও তদারকি।

১৭. সেবা নিতে আসা জনগণকে ভূমি সংক্রান্ত বিষয়ে আইনগত পরামর্শ প্রদান।

১৮. প্রতি মঙ্গলবার গণশুনানীর মাধ্যমে জনগণকে তাৎক্ষনিক ভূমি সেবা প্রদান।

১৯. ভূমি সংক্রান্ত সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে জুলাই-২০১৭ হতে "ই-নামজারি" কার্যক্রম চালু হতে যাচ্ছে।

২০. অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম গ্রহন।

২১. দেওয়ানি মোকদ্দমার দফাওয়ারী জবাব প্রেরণ।

২২. দেওয়ানি আদালতে সরকারি স্বার্থ রক্ষার্থে সাক্ষ্য প্রদান।

২৩. ১৪৪ ধারা মামলার তদন্ত প্রতিবেদন প্রেরণ।

২৪. বিভিন্ন ব্যক্তি/সংস্থা কর্তৃক জমি-জমা সংক্রান্ত চাহিত "অনাপত্তি সনদ" প্রদান।

২৫. ভূমি অধিগ্রহনের বিষয়ে সহায়তা প্রদান।

২৬. করাত কল, ইটভাটা, ডিলিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তদন্ত প্রতিবেদন প্রেরণ।

২৭. মহামান্য হাইকোর্টের সিভিল রিভিশন মামলার জবাব প্রেরণ।

২৮. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন মামলার জবাবা প্রেরণ।

২৯. জরিপ চলাকালিন সময়ে স্থানীয় জরিপ বিভাগকে সরকারি জমি সরকার বাহাদুর এর নামে রেকর্ডকরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

৩০. স্থানীয় সাব-রেজিস্ট্রারকে সর্বশেষ জরিপের ভিত্তিতে জমির রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহনের নির্দেশনা।

৩১. বিবাদমান জমির সীমানা নির্ধারণ(সরকারি স্বার্থের ক্ষেত্রে)।

৩২. নদী সিকস্তি/পয়স্তি জমির এ.ডি লাইন নির্ধারণ।

৩৩. জাতীয় সংদের ভূমি বিষয়ক প্রশ্নোত্তর পর্বের জন্য চাহিত তথ্য তাৎক্ষনিকভাবে প্রেরণ।

৩৪. করনিক ভুল/রেকর্ড সংশোধনের আবেদন গ্রহন ও নিষ্পত্তি।

৩৫. ভূমি সংক্রান্ত সকলপ্রকার পরিপত্র/প্রজ্ঞাপন এ প্রদত্ত আদেশ/নির্দেশ বাস্তবায়ন।

৩৬. সরকার কর্তৃক ভূমি সংক্রান্ত বিষয়ে গৃহিত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা ভূমি অফিস

## রাজবাড়ী সদর,রাজবাড়ী

www.aclandrajbarisadar.gov.bd

## পৌর/ইউনিয়ন ভূমি অফিস সমূহে প্রদত্ত সেবা সমূহঃ

১. দাখিলার মাধ্যমে ভূমি উন্নয়ন কর গ্রহন।

২. নামজারি কেসের প্রস্তাব/প্রতিবেদন প্রেরণ।

৩. নিস্পত্তিকৃত নামজারি কেসের আদেশের আলোকে সংশ্লিষ্ট রেজিস্টারপত্র সহ স্বত্বলিপি/রেকর্ডবহি হালনাগাদ করণ ও সংরক্ষণ করা হয়।

৪. সরকারি সম্পত্তি পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ।

৫. দেওয়ানি মোকদ্দমার দফাওয়ারী জবাব প্রেরণ।

৬. দেওয়ানি আদালতে সরকারি স্বার্থ রক্ষার্থে সাক্ষ্য প্রদান।

৭. হাট-বাজার,জলমহাল, বালুমহাল ও বুটিমহাল ব্যবস্থাপনা।

৮. অর্পিত সম্পত্তি (ভি.পি সম্পত্তি) ব্যবস্থাপনা।

৯. কৃষি খাসজমি বিতরণের লক্ষ্যে ভূমিহীন যাচাই-বাছাই কাজে সহযোগিতা প্রদান।

১০. সরকারি আবাসন, আশ্রয়ণ ও গুচ্ছগ্রাম প্রকল্পের জন্য স্থান নির্বাচন ও ব্যবস্থাপনা।

১১. ১৪৪ ধারা মামলার প্রতিবেদন প্রেরণ।

১২. বিবিধ মামলার প্রতিবেদন প্রেরণ।

১৩. জাতীয় সংসদের ভূমি বিষয়ক প্রশ্নোত্তর পর্বের জন্য চাহিত তথ্য প্রেরণ।

১৪. জমি-জমা সংক্রান্ত বিভিন্ন ব্যক্তি/সংস্থা কর্তৃক চাহিত "অনাপত্তি সনদ" প্রদানের তথ্য প্রেরণ।

১৫. ভূমি অধিগ্রহণের বিষয়ে সহায়তা প্রদান।

১৬. করাত কল, ইটভাটা, ডিলিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তদন্ত প্রতিবেদন প্রেরণ।

১৭. মহামান্য হাইকোর্টের সিভিল রিভিশন মামলার জবাব প্রেরণ।

১৮. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন মামলার জবাব প্রেরণ।

১৯. জরিপ চলাকালিন সময়ে সরকারি সম্পত্তি সরকার বাহাদুর এর নামে রেকর্ডকরনের সকল কার্যক্রম গ্রহন।

২০. বিবাদমান জমির সীমানা নির্ধারণ কাজে সহায়তা প্রদান।

২১. নদী সিকস্তি/পয়স্থি বিষয়ে প্রতিবেদন প্রেরণ।

২২. হাট-বাজার পেরীফেরী কাজে সহায়তা প্রদান।

২৩. অবৈধ দখলদার উচ্ছেদের প্রস্তাব প্রেরণ।

২৪. আন্ত:জেলা সীমানা নির্ধারণ কাজে সহায়তা প্রদান।

২৫. করনিক ভুল/ সংশোধনের প্রস্তাব/প্রতিবেদন প্রেরণ।

২৬. ভূমি সংক্রান্ত বিষয়ে জনগণকে আইনি পরামর্শ প্রদান।

২৭. ওয়াকফ, দেবোত্তর,বিনিময় সম্পত্তি সংক্রান্ত তথ্য/প্রতিবেদন প্রেরণ।

২৮. সহকারী কমিশনার(ভূমি) প্রদত্ত নামজারির আদেশ/মিস কেসের আদেশ/করনিক ভুলের আদেশ বাস্তবায়ন।

২৯. সরকার কর্তৃক জারীকৃত ভূমি সংক্রান্ত সকল আদেশ/নির্দেশ বাস্তবায়ন।